

দৈনিক
জনকণ্ঠ

ঢাকা ॥ সোমবার

১৮ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ

২ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বারিতে লবণাক্ততা সহিষ্ণু গম-ডাল উৎপাদন বৃদ্ধি বিষয়ক কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ অধিক লবণাক্ততা সহিষ্ণু গম ও ডাল ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মধ্যবর্তী গবেষণা পর্যালোচনা ও ভবিষ্যত কর্মপরিকল্পনার ওপর ৩ দিনব্যাপী কর্মশালা রবিবার হতে শুরু হয়েছে। গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) সেমিনার কক্ষে এ কর্মশালার উদ্বোধন করেন বারি'র মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। প্রধান অতিথির বক্তব্যে বারি'র মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ বলেন, বাংলাদেশের দক্ষিণাঞ্চলের ডাল ফসল ও গমের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে লবণ ও জলাবদ্ধতা সহিষ্ণু জাত ও প্রযুক্তির ওপর আমাদের গুরুত্বারোপ করতে হবে। তিনি আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের পরিকল্পনা অনুযায়ী দক্ষিণাঞ্চলের ডাল এবং গমের চাষ বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্রকল্পের বিজ্ঞানীদের নির্দেশনা প্রদান করেন।

মানবজমিন

সোমবার ২রা সেপ্টেম্বর ২০১৯

বারি'তে লবণাক্ততা সহিষ্ণু ফসল উৎপাদন বিষয়ক কর্মশালা শুরু

স্টাফ রিপোর্টার, গাজীপুর থেকে: বাংলাদেশের দক্ষিণাঞ্চলে অধিক লবণাক্ততা সহিষ্ণু গম ও ডাল ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মধ্যবর্তী গবেষণা পর্যালোচনা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার উপর তিন দিনব্যাপী এক কর্মশালা গাজীপুরের বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর সেমিনার কক্ষে শুরু হয়েছে। বারিখর ডাল গবেষণা কেন্দ্রের আয়োজনে এবং এসিআইএআর, অস্ট্রেলিয়া ও কৃষি গবেষণা ফাউন্ডেশন-এর অর্থায়নে এ কর্মশালার আয়োজন করা হয়। রোববার সকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিন দিনব্যাপী কর্মশালার উদ্বোধন করেন বারি মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। বারিখর পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) রইছ উদ্দিন চৌধুরী সভাপতিত্বে কর্মশালায় বক্তব্য রাখেন কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ড. ওয়ায়েস কবীর, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. এছরাইল হোসেন, ড. এরিক হাটনার, রিসার্চ প্রোগ্রাম ম্যানেজার, এসিআইএআর, অস্ট্রেলিয়া প্রমুখ। কর্মশালায় প্রকল্পের সার সংক্ষেপ উপস্থাপন করেন প্রকল্প প্রধান প্রফেসর উইলিয়াম আরস্কিন, ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া। ওই কর্মশালায়

এসিআইএআর, ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া, সিএসআইআরও, কেজিএফ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বারিখর বিজ্ঞানীসহ দেশী-বিদেশী প্রায় পঁচাত্তর জন বিজ্ঞানী উপস্থিত ছিলেন। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে বারিখর



মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ বলেন, বাংলাদেশের দক্ষিণাঞ্চলের ডাল ফসল ও গমের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে লবণ ও জলাবদ্ধতা সহিষ্ণু জাত ও প্রযুক্তির উপর আমাদের গুরুত্বারোপ করতে হবে। তিনি আশাবাদ করেন, এ প্রকল্প যথাযথ বাস্তবায়নে লবণ সহিষ্ণু ডাল ও গম ফসলের জাত ও প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে দক্ষিণাঞ্চলে ডাল ফসল ও গমের উৎপাদন ব্যাপক হারে প্রসার লাভ করবে।

